কূটনৈতিক এলাকার ফুটপাত দখলমুক্ত হবে: মেয়র আনিসুল

প্রকাশিত: ০১:১০ পিএম, ১১ এপ্রিল ২০১৭

কূটনৈতিক এলাকার সব ফুটপাত দখলমুক্ত করা হবে বলে জানিয়েছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক।

তিনি বলেন, ফুটপাত দখল করে যেসব স্থাপনা বা ব্লক নির্মাণ করা হয়েছে সেগুলো সরিয়ে নিতে হবে। এজন্য সবাইকে তিন মাস আগেই চিঠি দেয়া হয়েছে। এর মধ্যে অনেকেই সহযোগিতা করেছেন। কেউ কেউ সরাননি। যারা সরাননি তাদের আরও একবার বলা হবে। এরপর হবে উচ্ছেদ।

মঙ্গলবার দুপুরে গুলশান-২ এ ইতালীয় দূতাবাসের সামনের অবৈধ ব্লক উচ্ছেদ অভিযানের সময় মেয়র আনিসুল হক এসব কথা বলেন।

তিনি বলেন, ‘ফুটপাত জনগণের সম্পদ। একে জনগণের জন্য উন্মুক্ত করে দিতে হবে। সাধারণ মানুষের চলার পথে বাধা সৃষ্টি করা যাবে না।’

কূটনৈতিক পাড়ার নিরাপত্তার বিষয়ে মেয়র বলেন, ‘দূতাবাসগুলোর নিরাপত্তার বিষয়টি আমরা দেখব। আমাদের জনগণকে চলতে দিতে হবে।’

এ সময় অস্ট্রেলিয়া, রাশিয়া, জার্মানি, সৌদি আরব, পাকিস্তানসহ অন্যান্য দূতাবাসকে দখল করা ফুটপাতমুক্ত করে দেয়ার আহ্বান জানান তিনি।

ডিএনসিসি মেয়র আনিসুল হকের নেতৃত্বে অভিযানে সিটি কর্পোরেশনের প্রধান প্রকৌশলী ব্রিগেডিয়ার জেনারেল মো. সাঈদ আনোয়ারুল ইসলাম, নির্বাহী কর্মকর্তা মো. সাজিদ আনোয়ার প্রমুখ উপস্থিত ছিলেন।